55

দৈনিক ইত্তেফাক

তারিখ 09 APR 1996
পৃষ্ঠা ১ কলাম ৭

# যশোর বোর্ডের অনীহা

যশোর অফিস ॥ যশোর শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠানরত এসএসসি পরীক্ষায় বহিষ্কার সংক্রান্ত তথ্য প্রেরণে এবারও অনীহার অভিযোগ পাওয়া গিয়াছে।

( শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ )

## অনীহা

(১ম পৃঃ পর )

চলতি বছর এই বোর্ডের ১৫৫টি কেন্দ্রে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হইতেছে। পরীক্ষা শেষ হওয়ার পর দ্রুততার সাথে বহিষ্কারের রিপোর্ট সকল কেন্দ্র হইতে নিয়মিতভাবে বোর্ডের নিয়ন্ত্রণ কক্ষে প্রেরণের নিয়ম রহিয়াছে। এই নিয়ম কড়াকড়িভাবে পালনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সম্প্রতি লিখিত নির্দেশ দিয়াছেন।

কিন্তু অধিকাংশ কেন্দ্র কর্তৃপক্ষ উক্ত নির্দেশ পালন করিতেছেন না। গতকাল সোমবার পরীক্ষার দ্বিতীয় দিনে রাত্রি সাড়ে ৯টা পর্যন্ত মাত্র ২৪টি কেন্দ্রের বহিষ্কার সংক্রান্ত খবর বোর্ডে পৌছে। সুদূর পটুয়াখালী ও বরগুনা জেলা হইতে বোর্ডে এতদসংক্রান্ত খবর আসিয়া পৌছিলেও যশোর জেলার ১৪টি কেন্দ্রের মধ্যে মাত্র ৪টি কেন্দ্র হইতে ৮ জন পরীক্ষার্থী বহিষ্কারের খবর বোর্ডে প্রেরণ করা হয়। বহিষ্কারের খবর প্রেরণের ক্ষেত্রে যশোর জেলার কেন্দ্রগুলি সর্বাপেক্ষা বেশী গাফিলতি প্রদর্শন করিয়া থাকে বলিয়া অভিযোগে প্রকাশ। বোর্ডের নিয়ন্ত্রণ কক্ষে মাত্র একটি টেলিফোন রহিয়াছে। উহা সারাক্ষণ ব্যস্ত থাকে। অনেক সময় সংশ্লিষ্ট একশ্রেণীর কর্মচারী ফোনের রিসিভার তুলিয়া রাখেন বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে।